অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ফেডারাল সরকারের প্রস্তাবিত নিয়মের বিরোধিতা করার কথা ঘোষণা করেন যা নিউ ইয়র্কের এলজিবিটিকিউ (LGBTQ) কর্মীদের প্রতি বৈষম্যমূলক আচরণ অনুমোদন করে

রাজ্য সংস্থাগুলি সর্বজনীন মন্তব্য জমা দেয় ফেডারাল ঠিকাদারদের প্রতি মার্কিন শ্রমদপ্তরের (U.S. Department of Labor) "ধর্মীয় ছাড়" এর প্রস্তাবিত প্রসারণের বিরোধিতা করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত নিয়ম পরিবর্তনের বিরোধিতার কথা ঘোষণা করেছেন, যা ফেডারাকল ঠিকাদারদের জন্য "ধর্মীয় ছাড়" এর সংজ্ঞা বিস্তৃতভাবে প্রসারিত করবে এবং এই সব সংস্থাগুলির জন্য সেক্স, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, জেন্ডার আইডেন্টিটি বা এক্সপ্রেশনের ভিত্তিতে বৈষম্য প্রকাশ করা সহজতর করে তুলবে। মার্কিন শ্রমদপ্তরের প্রস্তাবিত নিয়ম, অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মক্ষেত্রের সুরক্ষা থেকে বঞ্চিত করবে LGBTQ ও অন্যান্য কর্মীদের এবং এর পরিণাম বিধ্বংসী হবে। নিউ ইয়র্ক ডিভিশন অব হিউম্যান রাইটস (New York Division of Human Rights) এবং নিউ ইয়র্ক লেবার ডিপার্টমেন্ট (New York Department of Labor) প্রস্তাবিত বিধি বদলের বিরোধিতায় একত্রিত হয় সর্বজনীন মন্তব্য জমা দেওয়ার ক্ষেত্রে। পাবলিক মন্তব্যটিও এও স্পষ্ট করে দেয় যে ফেডারেল পর্যায়ে যাই ঘটুক না কেন, নিউ ইয়র্ক স্টেটের নিয়োগকর্তারা কোন ব্যক্তির বিরুদ্ধে LGBTQ বা রাজ্যের মানবাধিকার আইনের (State's Human Rights Law) অধীনে রক্ষিত অন্য কোনো বিভাগের অন্তর্ভুক্ত হবার জন্য বৈষম্যমূলক আচরণ করতে পারবেন না।

"বারম্বার ট্রাম্প প্রশাসন LGBTQ সম্প্রদায়ের কষ্টার্জিত অধিকার ও সুরক্ষা হ্রাস করার জন্য উঠে পরে লেগেছে", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রস্তাবিত নিয়ম ফেডারাল ঠিকাদারদের লাইসেন্স দেবে সহজেই বৈষম্য প্রদর্শন করতে এবং এটা আমাদের প্রতিটি নিউ ইয়র্কারের জন্য সমান সুরক্ষার মূল্যবোধের পরিপন্থী, এবং আমরা এর সঙ্গে লড়াই করব।"

"LGBTQ অধিকারের আন্দোলনের জন্মস্থান হিসেবে আমরা ভেদাভেদ ও ঘৃণার বিরুদ্ধে LGBTQ সম্প্রদায়ের সঙ্গে একাত্ম হয়ে দাঁড়াই", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্কে আমরা LGBTQ অধিকার ও সুরক্ষার জন্য লড়াই বন্ধ করব না। কেন্দ্রীয় সরকারের তরফে কর্মস্থানে LGBTQ ব্যক্তিদেরর বিরুদ্ধে বৈষম্যের সুযোগ দেওয়ার প্রস্তাব দুর্বোধ্য এবং সহ্য করা হবে না। আমাদের LGBTQ সম্প্রদায়কে সমর্থন করে এবং যারা আমাদের ভাগ করার হুমকি দেয় তাদের বিরুদ্ধে ফিরে ধাক্কা দিয়ে আমরা গর্বিত।"

15ই আগস্ট 2019 তারিখে ফেডারেল সরকারি চুক্তিতে সম কর্মসংস্থানের সুযোগ নিয়ে বিধিমালায় একটি প্রস্তাবিত পরিবর্তনের ঘোষণা করে US ডিপার্টমেন্ট অফ লেবার। প্রস্তাবিত পরিবর্তনটি ফেডারাল সরকারের চুক্তি গ্রহণ করা ধর্মীয় সংগঠনগুলোর জন্য সংকীর্ণ ছাড় ব্যাপকভাবে প্রসারিত করবে এবং কতিপয় ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতি আনুগত্য প্রকাশের সাপেক্ষে ফেডারেল ঠিকাদারদের একটি বিস্তৃত অংশের জন্য কর্মসংস্থানের শর্ত সহজতর করে তুলবে, এমনকী ওই ফেডারাল ঠিকাদারেরা কোনও ধর্মীয় প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত না হয় বা তাদের তত্ত্বাবধানে না থাকে। প্রস্তাবিত নিয়ম ওবামা প্রশাসন LGBTQ কর্মীদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা ফেডারেল ঠিকাদারদের নিষিদ্ধ করার জন্য যে সুরক্ষা ব্যবস্থা স্থাপন করেছিল তা অপসারিত করবে, এবং তা কয়েক লক্ষ LGBTQ, নারী, ধর্মীয় সংখ্যালঘুদের, এবং কৃষ্ণাঙ্গ মানুষদের বোইষম্যের শিকার হওয়ার মুখে ফেলবে। প্রস্তাবিত নিয়মটি ফেডারেল সরকার এবং নিউ ইয়র্ক উভয়ের সাথে ঠিকাদারি করে এমন নিয়োগকর্তাদের বিভ্রান্ত করবে, যেহেতু প্রস্তাবিত বিধিটিতে ধর্মীয় ছাড় সুস্পষ্টভাবে নিউ ইয়র্কের বৈষম্যবিরোধী আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্দেজ বলেন, "প্রস্তাবিত বিধির নিষ্প্রয়োজন ফেডারাল ঠিকাদারদের জন্য ধর্মীয় ছাড় নিয়ে ব্যাপক সম্প্রসারণ শুধু LGBTQ কর্মী ও অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে বৈষম্য ও হয়রানির দিকে ঠেলে দেবে। ফেডারাল সরকার যা-ই করুক না কেন, এই বিভাজন যে কোনও নিয়োগকারীর বিরুদ্ধে মানবাধিকার আইন বলবৎ করবে যা বেআইনিভাবে কর্মসংস্থানের কথা অস্বীকার করে বা অন্যথায় কোনও সুরক্ষিত শ্রেণির আওতাভুক্ত ব্যক্তির বিরুদ্ধে বোইষম্য প্রদর্শন করে।"

ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "ফেডারাল সরকারের উচিত নয় কোনো কর্মচারীর প্রতি বৈষম্যমূলক আচরণ করার জন্য কোনো নিয়োগকারীর পথ সুগম করা। নিউ ইয়র্কের রাজ্য শ্রম দপ্তর কাজ করে চলেছে যাতে সব নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও বৈষম্যমুক্ত কাজের পরিবেশ থাকে।"

আজকের এই পদক্ষেপ গভর্নর কুওমোর সাম্প্রতিক পদক্ষেপ নিউ ইয়র্কের LGBTQ কমিউনিটির জন্য আরও সুরক্ষা এবং সমতার প্রতিশ্রুতির। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (New York State Department of Financial Services), ডিভিশন অব হিউম্যান রাইটস ও অফিস অব চিলড্রেন্স এন্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services) ইউ. এস ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড হিউম্যান সার্ভিসেস (U.S. Department of Health and Human Services) এর প্রস্তাব বাতিল করার অনুরোধ জানিয়ে মন্তব্যগুলো জমা দিয়েছে যা ট্রান্সজেন্ডার ও লিঙ্গ বহির্ভূত ব্যক্তিদের জন্য বৈষম্য সুরক্ষাকে ক্ষতিগ্রস্ত করবে এবং সাশ্রয়ী মূল্যের পরিচর্যা আইন (Affordable Care Act) এর নিরপেক্ষতা রক্ষার সুরক্ষাগুলো মেনে চলতে হবে এমন ধরনের বীমা সীমাবদ্ধ করবে, এমন স্বাস্থ্য পরিষেবা রদ করার ফেডারাল সরকারের প্রস্তাবের বিরোধিতা করার কথা ঘোষণা করেছেন গভর্নর কুওম এই গত আগস্টে। জুন মাসে ফৌজদারি কার্যবিধিতে "গে অ্যান্ড ট্রান্স প্যানিক" ডিফেন্সে ব্যবহার নিষিদ্ধ করে আইন সই করেন গভর্নর। গত জানুয়ারিতে গভর্নর কুওমো জেন্ডার এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন অ্যাক্টে স্বাক্ষর করেন, যা একটি যুগান্তকারী আইন এবং

নিয়োগদাতা, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়িওয়ালা, ঋণদাতা এবং অন্যান্যদের নিষিদ্ধ করে লিঙ্গ পরিচিতি বা অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্য প্রদর্শনে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন